দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... JUN 01 2006 ...
পৃষ্ঠা ১২ কলাম ১....

# শিক্ষা প্রতিষ্ঠানে মিনিট প্রতি তিন পয়সায় ইন্টারনেট ব্যবহার

সংসদ রিপোর্টার ॥ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীসহ সংশ্লিষ্টরা এখন থেকে মিনিটপ্রতি মাত্র তিন পয়সায় ইন্টারনেট ব্যবহারের সুযোগ পাবে। যে সকল সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট রয়েছে সেই সকল প্রতিষ্ঠান এই সুবিধা ভোগ করবে। ডাক ও টেলিযোগাযোগ

*(১১- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)*

## শিক্ষা প্রতিষ্ঠানে মিনিট

*(১২-এর পাতার পর)*

মন্ত্রণালয় এই সিদ্ধান্ত নিয়েছে। বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে এ তথ্য দিয়েছে।

বৈঠকে সাবমেরিন কেবল রক্ষণাবেক্ষণের জন্য দক্ষ জনবলের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়েছে। এ সম্পর্কে মন্ত্রণালয় জানিয়েছে, সাবমেরিন কেবল রক্ষণাবেক্ষণের জন্য কেন্দ্রীয়ভাবে ২৫ জন, রাজস্ব কার্যালয়ের জন্য ১৪ জন এবং মাঠ পর্যায়ের জন্য ৪৩টিসহ মোট ৮২টি পদ অনুমোদন করা হয়েছে। এ জনবল কাঠামো অনুমোদনের জন্য ইতোমধ্যে সংস্থাপন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে বলে মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন।